চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫১৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৫১৮তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫১৮তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ গোলাম কবীর মুকুল, বনলতা,চিত্ত রঞ্জন সাহা চিতু,আবু নাসিফ খলিল,হুমায়ুন কবীর,শহিদুল ইসলাম,আব্দুল গণি, হোসেন মোহাম্মদ ফারুক,জামাল উদ্দীন বেঙ্গলী,সুমন মালিক,কাজল গুরু,সুমন ইকবাল, এম এ মামুন প্রমুখ।চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

প্রাথমিকের বই উৎসব মিরপুরে, মাধ্যমিকের কুমিল্লায়

অতীতের মতো এবারও ১ জানুয়ারি পাঠ্যপুস্তক উৎসব আয়োজন করছে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এদিন সব শিক্ষার্থীর

হাতে বই তুলে দেওয়ার পরিকল্পনা রয়েছে।

তবে প্রাথমিক স্তরের সব বই পৌঁছে গেলেও মাধ্যমিক স্তরের একটি শ্রেণির বই যথাসময়ে পৌঁছবে না। কারণ এই স্তরের পাণ্ডুলিপি প্রেসমালিকদের কাছে পৌঁছাতেই বিলম্ব করেছে জাতীয় শিক্ষাক্রমও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি চাঁদপুর ৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী হয়ে সংসদ নির্বাচনে অংশ নিচ্ছেন। ১ জানুয়ারি তিনি নিজ এলাকায় থাকবেন। তার উপস্থিতি নিশ্চিত করার জন্য এবার কুমিল্লায় পাঠ্যপুস্তক উৎসব আয়োজন করা হবে। প্রাথমিকের বই উৎসব এবার মিরপুরের ন্যাশনাল (সকাল) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

আগামী শিক্ষাবর্ষে শিক্ষার্থী সংখ্যা ধরা হয়েছে ৩ কোটি ৮১ লাখ ২৭ হাজার ৬৩০ জন। তাদের জন্য বই ছাপা হচ্ছে মোট ৩০ কোটি ৭০ লাখ ৮৩ হাজার ৫১৭টি। প্রথম, চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ছাপানো হয়েছে ৫ কোটি ৩৮ লাখ ৩ হাজার ৪২৩ কপি বই।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির বই সংখ্যা ৩ কোটি ৩৬ লাখ ১ হাজার ২৭৪টি। প্রাক-প্রাথমিকের জন্য ৬১ লাখ ৯৩ হাজার ৮৭৮ কপি বই ছাপা হয়েছে।

ষষ্ঠ শ্রেণিতে ৬ কোটি ৪৫ লাখ ৪৮ হাজার ৩০৮ কপি, সপ্তম শ্রেণির ৪ কোটি ৪৫ লাখ ৫৭ হাজার কপি, অষ্টম শ্রেণির জন্য ৫ কোটি ৩৪ লাখ ৮৪ হাজার ২৭১ কপি এবং নবম শ্রেণির জন্য ৫ কোটি ৬ লাখ ৮৪ হাজার ৫৭৩ কপি বই ছাপা হচ্ছে।

অন্যদিকে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (পাঁচটি ভাষায় রচিত) শিশুদের জন্য এবার মোট ২ লাখ ৫ হাজার ৩১ কপি বই ছাপা হচ্ছে। অন্য বইয়ের মধ্যে ৫ হাজার ৭৫২ কপি ‘ব্রেইল’ বই ছাপা হবে। তাছাড়া শিক্ষকদের ৪০ লাখ ৯৬ হাজার ৬২৮টি ‘শিক্ষক সহায়িকা’ দেওয়া হবে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে গণজাগরণের শিল্প আন্দোলন সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরে গণজাগরণের শিল্প আন্দোলন সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। জেলা শিল্পকলা একাডেমির আয়েজনে রবিবার রাতে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এসময় পি পি পল্লব ভট্টাচার্য, জেলা বি এম এ’র সভাপতি ডাঃ আবুল বাশার, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় জেলা শিল্পকলা একাডেমির শিল্পীরা সাংস্কৃতিক উৎসবের সংগীত ও নৃত্য পরিবেশন করে অতিথিদের মুগ্ধ করে তোলে।

কার্পাসডাঙ্গায় কবি কাজী নজরুলের গানের সুর বিকৃত প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বেও আজ শনিবার বিকাল সাড়ে তিনটার সময় কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিখ্যাত গান “কারার ঐ লৌহ কপাট” এর সুর বিকৃত করার প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মানববন্ধনে সভাপতিত্ব করেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, শুভেচ্ছা বক্তব্য দেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল এবং বাঁশরীর চুয়াডাঙ্গা জেলা শাখার নজরুল সঙ্গীত প্রশিক্ষক নিশাত শারমিন সোনিয়া।

মানববন্ধনে প্রধান অতিথি বক্তব্য বলেন, ভারতীয় বলিউড চলচিত্র পিপ্পা সিনেমায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সুর বিকৃত করেছেন ভারতীয় সঙ্গীত সুরকার এ আর রহমান। যা আমাদের সংস্কৃতির প্রতি তীব্র অবমাননা এবং কবির প্রতি অসম্মানের শামিল। গানটি ইউটিউব চ্যানেল এবং পিপ্পা সিনেমা থেকে দ্রূত অপসারণ করতে হবে এবং আদি সুরে গানটি বহাল করতে হবে।যদি না করা হয় তবে সামনে বৃহৎ কর্মসূচি ঘোষণা করা হবে। এই ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করেন।

এছাড়াও উপস্থিত ছিলেন তবলা শিল্পী নাসির উদ্দীন,চুয়াডাঙ্গা বন্ধু ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার আরব বিল্লাহ সহ বন্ধু ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ,কার্পাসডাঙ্গা ইউনিয়ন কিশোর-কিশোরীর ক্লাবের ছাত্র-ছাত্রীবৃন্দ, হোগলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক তানভীর রহমান লিঙ্কন, চুয়াডাঙ্গা জেলা বাউল কল্যাণ সংস্থার সভাপতি নওয়াব আলী শাহ,আশরাফুল মিঠুন,বিল্লাল, এস এম সেলিম, সংলাপ সাংস্কৃতিক গোষ্ঠির সাধারণ সম্পাদক আহসান খান, নুর আলম, জয়নাল আবেদিন, আব্দুল গনি, দৌলত বিশ্বাস, কুদ্দুস, কার্পাসডাঙ্গা ডিগ্রি কলেজের রোভার স্কাউট হাবিব সহ তার দল।

মানববন্ধনে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাথে একাত্মতা ঘোষণা করেন চুয়াডাঙ্গা সাহিত্য, সংলাপ সাংস্কৃতিক গোষ্ঠী, বাঁশরী এবং চুয়াডাঙ্গা বন্ধু ফাউন্ডেশন।

তিন প্রজন্মের শিল্পীর

রংতুলিতে সাম্রাজ্যবাদ বিরোধী প্রতিবাদ

সাম্রাজ্যবাদ বিরোধী আগ্রাসনের বিরুদ্ধে রংতুলি হাতে মাঠে নেমেছে ময়মনসিংহের তিন প্রজন্মের শিল্পী সমাজ। শিল্পাচার্য জয়নুল আবেদীনের শেকড় ময়মনসিংহের পুরনো ব্রহ্মপুত্র পাড়ের জয়নুল উদ্যানের ভেতর দিনব্যাপী এই আয়োজনে শিল্পীরা রং তুলির আঁচড়ে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানায়।

‘দেশ আমার, সিদ্ধান্ত আমার -নির্ভয়ে চলো বাংলাদেশ, এমন স্লোগানে সাম্রাজ্যবাদ বিরোধী শিল্পী সমাজ শুক্রবার সকালে ময়মনসিংহের ব্রহ্মপুত্র পাড়ের জয়নুল আবেদীন উদ্যানের বৈশাখী মঞ্চে জাতীয় সংগীত এর মাধ্যমে শুরু করে দিনব্যাপী অনুষ্ঠানমালার। ক্ষুদে শিল্পীদের চিত্র অংকন প্রতিযোগিতা আর তিন প্রজন্মের শিল্পীদের চিত্র প্রদর্শনীতে রং তুলির আঁচড়ে ফুটিয়ে তোলা হয় সাম্রাজ্যবাদ বিরোধী আগ্রাসনের ভয়াবহতা। চিত্রাংকন প্রতিযোগিতা ও শিল্পীদের চিত্র কর্ম প্রদর্শন ছাড়াও দিন ব্যাপী এ আয়োজনের মধ্যে ছিল কবিতা পাঠ, নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সাম্রাজ্যবাদ রুখে দেয়ার এমন আয়োজনের যুক্ত হতে পেরে খুশি শিল্পীরা।

আয়োজক কর্মী আমিনুল হাসান লিটু জানান, বাংলাদেশ ও বিশ্বরাজনীতিতে সাম্রাজ্যবাদী শক্তির মোড়ল সেজে নির্লজ্জভাবে খবরদারি করার অপচেষ্টা এবং নানা দেশের যুদ্ধে মানবিক বিপর্যয়ে ক্ষুব্ধ চারুশিল্পীরা। বাংলাদেশ তৃতীয়-বিশ্বভুক্ত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পর থেকেই সাম্রাজ্যবাদীদের লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। তারা সংঘবদ্ধভাবে এদেশের প্রতিটি কাজে, প্রতিটি সিদ্ধান্তে নগ্নভাবে হস্তক্ষেপ করছে, বাধা প্রদান করছে। এই পরিপ্রেক্ষিতে জয়নুল-কামরুলের অনুসারী চারুশিল্পীরা দেশ এবং মানুষের কল্যাণে রং-তুলি-ক্যানভাস নিয়ে পথে নেমেছে।

সাম্রাজ্যবাদ বিরোধী শিল্পী সমাজ ময়মনসিংহের সভাপতি মোহাম্মদ রাজন বলেন, চারুশিল্পীদের একটি জাতীয় মোর্চার পক্ষ থেকে দেশের বিভিন্ন স্থানে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে শিল্প শিরোনামে দেশ আমার, সিদ্ধান্ত আমার, নির্ভয়ে চলো বাংলাদেশ শ্লোগানে প্রতিবাদী শিল্পকর্ম আঁকা ও শিল্পকর্মের প্রদর্শনীসহ নানা অনুষ্ঠান আয়োজন করেছে।

ময়মনসিংহ বিভাগীয় চারু শিল্পী পর্ষদের সভাপতি মোহাম্মদ রাজন জানান, নতুন ও তরুণ প্রজন্মসহ নানা শ্রেণী পেশার মানুষের মধ্যে সাম্রাজ্যবাদী শক্তির বিরোধী জনমত গড়ে তুলতেই এই আয়োজন।

রাজধানী ঢাকা ও বিভাগীয় শহর বরিশালের পর ময়মনসিংহে শুক্রবারের এই আয়োজনে শিল্পাচার্য জয়নুল আবেদীনের সৈনিক দুই শতাধিক ক্ষুদে শিল্পী ছাড়াও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের শিল্পীসহ বৃহত্তর ময়মনসিংহের নেত্রকোনা, শেরপুর, জামালপুর ও ময়মনসিংহের শতাধিক শিল্পী অংশ নেয়।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসরের ১৫১৩ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় ।

১৫১৩ তম এ আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলাম,নটরাজ হারুন অর রশিদ, বেঙ্গলী,হোসেন মোহাম্মদ ফারুক, নুরুজ্জামান,কাজল গুরু,আহাদ আলী মোল্লা, এম এ মামুন, কবি নজমুল হেলাল প্রমুখ।ইংরেজি সাহিত্যের উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

চিরায়ত সাহিত্য থেকে অভিনয় করেন শহিদুল রনি।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক নিয়মিত সাহিত্য আসরের ১৫১২ তম পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় ।

১৫১২ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলা, ডা.তোফাজ্জল হোসেন,কামাল হোসেন,শিরোনাম মেহেদী,আশিকুজ্জামান আসাদ,,হোসেন মোহাম্মদ ফারুক, গুরু কাজল, সুমন ইকবাল, কবি নজমুল হেলাল প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ ।

ইংরেজি সাহিত্যের উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান। চিরায়ত সাহিত্য থেকে অভিনয় করেন নটরাজ হারুন অর রশিদ ।

অতিথি হিসেবে অনুভূতি ব্যক্ত করেন জাতীয় শ্রমিকলীগের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি বীরমুক্তিযোদ্ধা আফজালুল হক বিশ্বাস এবং সহ সভাপতি আব্দুস সালাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শহিদুল রনি, বাঁধন মুন্সি,বেঙ্গলী,আসাদুজ্জামান আসাদ প্রমুখ।অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাহিত্য আসর অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি -১৫১১ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় । ১৫১১ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল।

স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, এম এ মামুন, নটরাজ হারুন অর রশিদ, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলাম,জি এম জোয়ার্দ্দার, ডা.তোফাজ্জল হোসেন,রোকসানা জেবা,হোসেন মোহাম্মদ ফারুক, গুরু কাজল,আনছার আলী, সুমন ইকবাল, কবি নজমুল হেলাল প্রমুখ।স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল এবং হুমায়ূন কবীর। চিরায়ত সাহিত্য থেকে আলোচনা করেন আর্টিষ্ট জি এম জোয়ার্দ্দার । অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির আনন্দ শোভাযাত্রা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর আনন্দ শোভা যাত্রার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলাএকাডেমি থেকে আনন্দ শোভাযাত্রা বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

আনন্দ শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সহ-সভাপতি নুরুল আহমেদ, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য আবুল হাসনাত দিপু, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির নাট্য বিভাগের প্রশিক্ষক শ্বাশত নিপ্পন, কামদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মিনারুল ইসলাম সহ মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর বিভিন্ন কর্মকর্তা ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫০৬তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি -১৫০৬ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল পাঁচটার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় ।

১৫০৬ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা, সুমন ইকবাল,নাইমুর রহমান,জিল্লুর রহমান রুবেল,আনছার আলী,শহিদুল ইসলাম,সুমন মালিক,সজীব হোসেন,ডা.তোফাজ্জল হোসেন,কবি নজমুল হেলাল প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন গোলাম কবীর মুকুল, আনছার আলী, আবু নাসিফ খলিল এবং হুমায়ুন কবীর। চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ এবং গান পরিবেশন করেন চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের ইংরেজি ইনস্ট্রাক্টর তপন কুমার পাল ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।